## BACHELOR OF ARTS EXAMINATION, 2024

(3rd Year, 6th Semester)

## COMPARATIVE LITERATURE

### COURSE: CBCS/CL/CORE/UG/6.44

### [ CHHANDA O ALAMKARA ]

Time : Two Hours — Full Marks : 30

১। নীচের যেকোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা দাও। ৫×২=১০

ক) পয়ার, খ) মাত্রা, গ) অতিপর্ব, ঘ) পদ, ঙ) দল।

২। নিম্নলিখিত পঙ্‌ক্তিগুলি কোন্ ছন্দবদ্ধ ও ছন্দরীতিতে রচিত, বিশ্লেষণের মাধ্যমে দেখাও (যেকোনো দুটি) ঃ ২.৫×২=৫

ক) গ্রামগুলি গেঁথে গেঁথে মেঠো পথ গেছে দূর-পানে
নদীর পাড়ির ’পর দিয়ে।
প্রাচীন অশথতলা,
খেয়ার আশায় লোক ব’সে
পাশে রাখি হাটের পসরা।
গঞ্জের টিনের চালাঘরে
গুড়ের কলস সারি সারি,
চেটে যায় ঘ্রাণলুব্ধ পাড়ার কুকুর,
ভিড় করে মাছি।
রাস্তায় উপুড়মুখো গাড়ি
পাটের বোঝাই ভরা,
একে একে বস্তা টেনে উচ্চস্বরে চলেছে ওজন
আড়তের আঙিনায়।

[ Turn over

খ) সেই মরা দিন কোন্ খবরের টানে
পড়ল এসে সজীব বর্তমানে।
তপ্ত হাওয়ার বাজপাখি আজ বারে বারে
ছোঁ মেরে যায় ছড়াটারে,
এলোমেলো ভাবনাগুলোর ফাঁকে ফাঁকে
টুক্‌রো করে ওড়ায় ধ্বনিটাকে।
জাগা মনের কোন্ কুয়াশা স্বপ্নেতে যায় ব্যোপে,
ধোঁয়াটে এক কম্বলেতে ঘুমকে ধরে চেপে,
রক্তে নাচে ছড়ার ছন্দে মিলে—
'ঢাকিরা ঢাক বাজায় খালে বিলে।'

গ) বুক পেতে শুয়ে আছি ঘাসের উপরে চক্রবালে
তোমার ধানের মুখে ধরে আছি আর্ত দুই ঠোঁট
তুমি চোখ বন্ধ করো, আমিও দুচোখ ঢেকে শুনি
যেন কোন্ তল থেকে উঠে আসে পাতালের শ্বাস
সমস্ত দিনের মূর্ছা সেচন পেয়েছে এইখানে
মুহূর্ত এখানে এসে হঠাৎ পেয়েছে তার মানে

ঘ) জগৎ ব্যথা-ভরে জাগিছে জোড়-করে
এ মহা-কোজাগরে কী দিবে বরদান
এস হে এস শ্রেয়, এস হে মৈত্রেয়,
ক্রূরতা-মূঢ়তার কর হে অবসান।

হে রাজ-সন্ন্যাসী, বিমল তব হায়াই
ঘুচক গ্লানি-তাপ কলুষ সমুদয়।
ক্রোধের অক্রোধে জিনিতে দাও বল,
চিত যে বিচলিত, চরণে রাখ তায়।



১। নীচের যেকোনো দুটি অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা দাও। ৫×২=১০

ক) উৎপ্রেক্ষা
খ) বক্রোক্তি
গ) ভ্রান্তিমান
ঘ) শ্লেষ
ঙ) বিরোধাভাস

২। অলঙ্কার নির্ণয় করো (যেকোনো দুটি) ঃ ২.৫×২=৫

ক) চলচপলার চকিত চমকে
করিছে চরণ বিচরণ।
কোথা চম্পক-আভরণ!

খ) নন্দের নন্দন চাঁদ পাতিয়ে রূপের ফাঁদ
ব্যাধ ছিল কদম্বের তলে।
দিয়ে হাস্যসুধাচার অঙ্গচ্ছটা আঠা তার
আঁখি-পাখী তাহাতে পড়িল।

গ) বনে থেকে এলো এক টিয়ে মনোহর।
সোনার টোপর শোভে মাথার উপর।।

ঘ) কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,
প্রচেতঃ!

ঙ) দেখো না কি, হায়, বেলা চলে যায়—
সারা হয়ে এল দিন—
বাজে পূরবীর ছন্দে রবির
শেষ রাগিণীর বীন।